

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বৃত্তি ও প্রকৌশল বিশ্ববিদ্যালয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৮০.০৮.০০৭.১৭.৩৭২

তারিখ: ১ অগ্রহায়ণ ১৪২৫

১৫ নভেম্বর ২০১৮

বিষয়: পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সহকারী অধ্যাপক মো: মুরছালীন-এর অনুকূলে শিক্ষাছুটিতে অস্ট্রেলিয়া ভ্রমণের জন্য ইতঃপূর্বে প্রদত্ত অনুমতি বাতিলকরণ।


সূত্র: স্মারক নং- পাবিপ্রবি রেজি/সংস্থাপন/পি.এফ-২৯৭/৭৮৮, তারিখ: ১১/০৭/২০১৮।

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স অ্যান্ড এঞ্জিনিয়ারিং বিভাগের সহকারী অধ্যাপক মো: মুরছালীনকে পিএইচ.ডি. সম্পন্ন করার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃক মঞ্জুরকৃত ছুটির পরিপ্রক্ষিতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গত ০৪ ডিসেম্বর ২০১৭ তারিখ অস্ট্রেলিয়া ভ্রমণের অনুমতি প্রদান করা হয়।

২.০ জনাব মো: মুরছালীন বিশ্ববিদ্যালয় নির্ধারিত ফরম্যাটে ছুক্তি সম্পন্ন না করে ও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ থেকে চূড়ান্ত ছাড়পত্র গ্রহণ না করে অস্ট্রেলিয়া গমন করায় এবং ইতঃপূর্বে গ্রহণকৃত ছুটিশেষে বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়মানুযায়ী গ্রহণকৃত/ভোগকৃত ছুটির সমপরিমাণ সময় সার্ভিস দেয়ার বিধান তাঁর দ্বারা প্রতিপালিত না হওয়ায় গত ২৮.১২.২০১৭ তারিখ অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয়ের ৪৫তম রিজেন্ট বোর্ড সভায় তাঁর অনুকূলে শিক্ষা ছুটি অনুমোদনের বিষয়টি বিবেচিত হয়নি। উল্লেখ্য, মো: মুরছালীন গত ০৫.১০.২০১৪ থেকে ১৭.১০.২০১৭ তারিখ পর্যন্ত শিক্ষাছুটি ভোগ করেছিলেন।

৩.০ এমতাবস্থায়, পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স অ্যান্ড এঞ্জিনিয়ারিং বিভাগের সহকারী অধ্যাপক মো: মুরছালীন-এর অনুকূলে পিএইচ.ডি. সম্পন্ন করার লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গত ০৪ ডিসেম্বর ২০১৭ তারিখ জারিকৃত অস্ট্রেলিয়া ভ্রমণের অনুমতিপত্রটি এতদ্বারা বাতিল করা হলো।

৪.০ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।



১৫-১১-২০১৮

সৈয়দ আলী রেজা

যুগ্মসচিব

উপাচার্য

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৮০.০৮.০০৭.১৭.৩৭২/১(৪)


তারিখ: ১ অগ্রহায়ণ ১৪২৫

১৫ নভেম্বর ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) রেজিস্ট্রার, পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা।

- ২) জনাব মো: মুরছালীন, সহকারী অধ্যাপক, কম্পিউটার সায়েন্স অ্যান্ড এঞ্জিনিয়ারিং বিভাগ, পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা।
- ৩) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৪) সিনিয়র সিস্টেমস এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।



১৫-১১-২০১৮

সৈয়দ আলী রেজা
যুগ্মসচিব